১৬.১২.৮৯ তারিখের দৈনিক বাংলা 112

তারিখ 06 DEC 1989
পৃষ্ঠা ১ কলাম

# এসএসসি পরীক্ষা ১০ই মে

দেশের চারটি শিক্ষা বোর্ড কর্তৃক ইতিপূর্বে ঘোষিত ১৯৯০ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ৮ই মার্চের পরিবর্তে ১৯৯০ সালের ১০ই মে হতে অনুষ্ঠিত হবে। খবর তথ্য বিবরণীর।

চারটি শিক্ষা বোর্ডের আওতায়

৩-এর পৃঃ দ্রঃ

## এসএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

১৯৮৯ সালে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যারা কম্পার্টমেন্টাল পরীক্ষা দেবার সুযোগ পেয়েছে তাদের মধ্যে যারা অকৃতকার্য হবে তাদেরকে ১৯৯০ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের নিমিত্তে এবং ১৯৮৯ সালের সাধারণ বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের পাঠ্যসূচী অনুযায়ী শুধুমাত্র ১৯৯০ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা দেবার সুযোগ দেয়া হবে বিধায় ১৯৯০ সালের সকল পরীক্ষার্থীর সার্বিক প্রস্তুতির সুযোগ প্রদান, মার্চ মাসের শেষের দিক হতে এপ্রিল মাসের শেষ দিক পর্যন্ত পবিত্র রজমান মাস ইত্যাদি বিষয় বিবেচনা করে পরীক্ষার তারিখ পরিবর্তনের এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত কার্যক্রম ও সময়সূচী যথাসময়ে প্রকাশ করা হবে।

৪০